দৈনিক ইনকিলাব

তারিখ ... 22 APR 1997 ...
পৃষ্ঠা 4 কলাম 4

02

# কৃষি বিশ্ববিদ্যালয়ের মৌল উদ্দেশ্য হচ্ছে কৃষি শিক্ষা গবেষণা ও সম্প্রসারণের মাধ্যমে উন্নয়ন ত্বরান্বিত করা
**–ভিসি**

কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ মুহাম্মদ হোসেন বলেন, কৃষিভিত্তিক এই বাংলাদেশের একমাত্র কৃষি বিশ্ববিদ্যালয়ের অন্যতম মৌল উদ্দেশ্য হচ্ছে কৃষি শিক্ষা, গবেষণা ও সম্প্রসারণের মাধ্যমে এ দেশের ঈপ্সিত উন্নয়ন ত্বরান্বিত করা। এ উন্নয়ন, প্রক্রিয়ায় গবেষক ও গবেষণাকর্মীদের ভূমিকা উল্লেখযোগ্য। ভাইস চ্যান্সেলর ডঃ হোসেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) গবেষণা প্রকল্প কর্মচারী সমিতির অভিষেক '৯৭ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। ডঃ হোসেন আশাবাদ ব্যক্ত করে বলেন, সিন্ডিকেটের সুপারিশ অনুযায়ী গবেষণা প্রকল্পের দীর্ঘদিন কর্মরত অবহেলিত কর্মচারীদের পর্যায়ক্রমে বিশ্ববিদ্যালয় পরিবারে অঙ্গীভূত করা হবে। তিনি বলেন, সবার সম্মিলিত প্রয়াসে এই বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব।